গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রাথমিক শিক্ষায় করণীয় বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত প্রতিবেদন।

সূত্র: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪।

মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রদত্ত ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৬.১ কার্যক্রমের ৬.১.২ কর্মসম্পাদন সূচক অনুযায়ী গত ১৩ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ইউনিটের কর্মকর্তা-কর্মচারীগণের জন্য স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রাথমিক শিক্ষায় করণীয় বিষয়ক প্রথম কর্মশালার আয়োজন করা হয়।

কর্মশালায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় ইউনিটের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৬.১ কার্যক্রমের ৬.১.২ কর্মসম্পাদন সূচক অনুযায়ী ইউনিট কর্তৃক স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রাথমিক শিক্ষায় করণীয় বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় (অনুলিপি সংযুক্ত)।

প্রণীত কর্মপরিকল্পনায় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রাথমিক শিক্ষায় করণীয় বিষয়ে বিভিন্ন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের মাধ্যমে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের উপর গুরুত্ব আরোপ করা হয়। এছাড়া কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ নিম্নরূপ:

১ দক্ষ কর্মী ব্যবস্থাপনা (HRM) ও সেবা সহজীকরণ;
২ Inventory Management and Service Automation (IMSA);
৩ কর্মকর্তা-কর্মচারীদের শাখা বদলি;
৪ সকল শাখায় ইন্টারনেট সংযোগ স্থাপন;
৫ ইউনিটের স্মার্ট এটেনডেন্স সিস্টেম;
৬ সভাকক্ষে আল্ট্রা থ্র স্মার্ট ইন্টারএ্যাকটিভ প্রজেক্টরসহ অন্যান্য যন্ত্রাংশ সংযোজন;
৭ স্মার্ট মনিটরিং/ ইভালুয়েশন/এসেসমেন্ট সিস্টেম;
৮ Introduce GIS, Big Data, Robotics etc;
৯ Learning Management System (LMS);
১০ স্বনির্ধারণী বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন;
১১ ই-জিপি সিস্টেম বাস্তবায়ন;
১২ বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন; এবং
১৩ স্মার্ট কেইস ম্যানেজমেন্ট সিসটেম

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের আওতাধীন কোনো দপ্তর/সংস্থা নেই। বর্তমানে ইউনিটের কর্মকর্তা-কর্মচারীদের জন্য কেবল আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থাপনা সংক্রান্ত সেবাসমূহ প্রদান করা হয়ে থাকে। এ কারণে কর্মপরিকল্পনা প্রণয়নকালে ইনটিগ্রেটেডে সফটওয়্যার, অনলাইন বাজেট চাহিদা নিরুপণের বিষয়টি বিশেষভাবে বিবেচনা করা হয়েছে।

কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হলে ইউনিটের অংশীজনের সেবা প্রদান সহজতর হবে।

মোঃ জিল্লুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন)